রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, মার্চ ২৮, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/২৩ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৭২-আইন/২০১৬।**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১২০ এর উপ-ধারা (২), ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (খ) ও (গ) এবং ষষ্ঠ তফসিলের দফা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম**।—এই বিধিমালা পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন);

(খ) "পৌর এলাকা" অর্থ আইনের ধারা ২ এর দফা (৪৪) এ সংজ্ঞায়িত কোন এলাকা;

(গ) "পৌরসভা" অর্থ আইনের ধারা ২ এর দফা (৪৩) এ সংজ্ঞায়িত কোন পৌরসভা;

(ঘ) "প্রস্তাবিত এলাকা" অর্থ পৌর এলাকা সম্প্রসারণ বা সংকোচনের উদ্দেশ্যে নির্দিষ্ট কোন এলাকা;

(ঙ) "শহর এলাকা" অর্থ আইনের ধারা ২ এর দফা (৬৮) তে সংজ্ঞায়িত কোন এলাকা;

(চ) "সরকার" অর্থ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ।


**মূল্য** ঃ টাকা ৮.০০

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পৌর এলাকার সীমানা সম্প্রসারণ**।—(১) কোন পল্লী এলাকাকে পৌর এলাকায় অন্তর্ভুক্ত করিয়া পৌরসভার সীমানা সম্প্রসারণ করিতে হইলে আইনের ধারা ৩ ও ৪ এর উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট এলাকা নিম্নবর্ণিত প্রকৃতির হইতে হইবে, যথা :—

(ক) অন্যূন তিন-চতুর্থাংশ ব্যক্তি অকৃষি পেশায় নিয়োজিত;

(খ) শতকরা ৩৩ ভাগ ভূমি অকৃষি প্রকৃতির;

(গ) প্রতি বর্গ কিলোমিটারে ১৫০০ জন হিসাবে প্রস্তাবিত এলাকার জনসংখ্যার ঘনত্ব;

(ঘ) দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন;

(ঙ) অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধাসম্পন্ন; এবং

(চ) সেনানিবাস এলাকা বহির্ভূত।

৪। **শহর এলাকা ঘোষণা**।—(১) কোন পল্লী এলাকা বিধি ৩ এ উল্লিখিত প্রকৃতির হইলে সরকার প্রস্তাবিত এলাকার তফসিল প্রস্তুত করিয়া শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা ইউনিয়ন পরিষদসমূহ, শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপনের তফসিলে অন্তর্ভুক্ত এলাকার বিষয়ে কোন আপত্তি থাকিলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর উক্ত আপত্তি লিখিতভাবে উত্থাপন করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোন আপত্তি উত্থাপিত হইলে সরকারের পক্ষে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ২ (দুই) মাসের মধ্যে সংশ্লিষ্ট আপত্তির উপর, প্রয়োজনে, অনুসন্ধান ও শুনানী গ্রহণ করিয়া সরকারের নিকট তাহার সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর সরকার ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট আপত্তি নিষ্পত্তি করিবে এবং শহর এলাকা ঘোষণার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

৫। **পৌর এলাকা সংকোচন**।—নিম্নবর্ণিত যে কোন কারণে পৌর এলাকার অন্তর্ভুক্ত কোন এলাকাকে কর্তনের মাধ্যমে পৌর এলাকার সীমানা সংকোচন করা যাইবে, যথা :—

(ক) নদী ভাঙ্গন, ভূমিকম্প বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে পৌরসভার সীমানা সংকোচনের প্রয়োজন হইলে;

(খ) পৌরসভার অংশ বিশেষ সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হইলে;

(গ) স্থানীয় জনগণ প্রস্তাবিত এলাকাকে পৌরসভার সীমানা বহির্ভূতকরণের অনুকূলে মতামত প্রদান করিলে; বা

(ঘ) বাণিজ্যিক বা শিল্প কারখানা অবলুপ্ত হইবার ফলে অথবা অন্য কোন কারণে অকৃষি পেশায় নিয়োজিত অধিকাংশ ব্যক্তি কৃষি পেশায় নিয়োজিত হইলে।

৬। **প্রস্তাবিত সংকোচনীয় এলাকার তথ্য সংগ্রহ।**—(১) পৌর এলাকার অন্তর্ভুক্ত কোন এলাকাকে পৌরসভার সীমানা বহির্ভূত করিতে হইলে সংশ্লিষ্ট পৌর এলাকা যে জেলায় অবস্থিত উক্ত জেলার জেলা প্রশাসককে উক্ত এলাকা সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রেরণ করিবার জন্য সরকার নির্দেশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত নির্দেশনার আলোকে সরকার বরাবরে মতামত প্রেরণের ক্ষেত্রে জেলা প্রশাসক সংশ্লিষ্ট মতামতে, পৌরসভা হইতে কর্তনযোগ্য উক্ত এলাকা সম্পর্কে, নিম্নবর্ণিত তথ্যাদি অন্তর্ভুক্ত করিবেন, যথা :—

(ক) প্রস্তাবিত এলাকার সুস্পষ্ট তফসিল (সাবেক ইউনিয়ন পরিষদের নাম, মৌজার নাম, জে,এল, নং এবং দাগনম্বরসমূহ);

(খ) প্রস্তাবিত এলাকা এবং বিদ্যমান এলাকা পৃথকভাবে চিহ্নিত করতঃ পৌর এলাকার স্ক্যাচ ম্যাপ;

(গ) প্রস্তাবিত এলাকা ব্যতীত অবশিষ্ট পৌর এলাকার—

(অ) লোকসংখ্যা;

(আ) প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব;

(ই) লোকসংখ্যার অকৃষি পেশার হার;

(ঈ) অকৃষি প্রকৃতির ভূমির হার; এবং

(উ) বিগত ০৩(তিন) বছরের গড় রাজস্ব আয়।

৭। **পৌর এলাকা সংকোচন সম্পর্কে পরিষদের সিদ্ধান্ত ও বিজ্ঞপ্তি জারি।**—(১) কোন এলাকাকে পৌর এলাকার সীমানা বহির্ভূত করিতে চাহিলে সরকার সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসককে সংশ্লিষ্ট পরিষদের নিকট হইতে পৌর এলাকা সংকোচন সম্পর্কে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া বিজ্ঞপ্তি জারির জন্য নির্দেশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন বিজ্ঞপ্তি জারির নির্দেশনা প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলা প্রশাসক সংশ্লিষ্ট এলাকার মৌজার নাম, জে. এল. নম্বর, দাগ নম্বর এবং সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য তথ্য, যদি থাকে, উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি জারি করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন বিজ্ঞপ্তি জারির তারিখ হইতে ১(এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট পরিষদ বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়ে উহার পরামর্শ বা আপত্তি থাকিলে উহা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট লিখিতভাবে উত্থাপন করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন আপত্তি উত্থাপিত হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ২(দুই) মাসের মধ্যে সংশ্লিষ্ট আপত্তির উপর, প্রয়োজনে, অনুসন্ধান ও শুনানী গ্রহণ করিয়া সরকারের নিকট তাহার সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর সরকার ১(এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট আপত্তি নিষ্পত্তি করিবে এবং সংশ্লিষ্ট পৌর এলাকা সংকোচন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

**৮। পৌরসভার সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি।**—(১) পৌরসভার সীমানা সম্প্রসারণ বা সংকোচনপূর্বক পুনঃনির্ধারণের ক্ষেত্রে সরকার প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর পূর্বানুমোদন গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন অনুমোদন প্রাপ্তির পর সরকার প্রস্তাবিত এলাকার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

(৩) সরকার পৌর এলাকা সম্প্রসারণ বা সংকোচনের বিষয়ে বিধি ৪(৪) এবং ৭(৫) এর অধীন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিলে, যে তারিখ হইতে উক্ত এলাকা পৌরসভার সীমানা অন্তর্ভুক্ত বা বহির্ভূত হইবে, উক্ত তারিখ উল্লেখ করিয়া, সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারি করিবে।

(৪) কোন পৌর এলাকা হইতে কোন এলাকাকে কর্তনপূর্বক পৌর এলাকার সীমানা সংকোচন করা হইলে সরকার কর্তনকৃত এলাকা আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এর অধীন ইতিপূর্বে ঘোষিত শহর এলাকা হইতে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অবমুক্ত করিবে।

(৫) জেলা প্রশাসক উপ-বিধি (৪) এর অধীন অবমুক্ত এলাকা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৫) এর দফা (গ) এর অধীন সংলগ্ন ইউনিয়নে অন্তর্ভুক্ত করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন:

তবে শর্ত থাকে যে, কর্তনকৃত এলাকা একাধিক ইউনিয়নের সংলগ্ন হইলে উহা কোন ইউনিয়নের অন্তর্ভুক্ত হইবে সেই বিষয়ে সরকারের সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

**৯। বিশেষ বিধান।**—বিধি ৮ এর অধীন প্রজ্ঞাপন জারির প্রেক্ষিতে যদি কোন পৌরসভা পুণর্গঠনের প্রয়োজনীয়তা দেখা যায় তাহা হইলে সরকার, উক্ত পৌরসভা পুণর্গঠনসহ উহার কর্মচারী, সম্পদ এবং দায়-দায়িত্ব বন্টন সম্পর্কে যেরূপ উপযুক্ত মনে করিবে, সেইরূপ আদেশ প্রদান করিবে।

**১০। রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Declaration and Altaration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদদ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত Rules এর অধীন—

(ক) প্রদত্ত সকল আদেশ, নির্দেশ ও কৃত কাজ-কর্ম এই বিধিমালার অধীন জারীকৃত, প্রদত্ত ও কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Rules এর বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd